আন্তর্জাতিক শিক্ষার্থী

এই তথ্য হলো শিক্ষার্থী ভিসা (সাবক্লাস 500) বা অস্থায়ী গ্রাজুয়েট (সাবক্লাস 485) ভিসাধারীদের জন্য।

নতুন শিক্ষার্থী ভিসার জন্য আবেদন করা

COVID-19-এর কারণে, ভিসা প্রক্রিয়াকরণের কিছু কিছু সময় প্রভাবিত হয়েছে। আবেদনগুলি চূড়ান্ত করতে বেশি সময় লাগতে পারে।

সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন অপেক্ষাকৃত দ্রুত প্রক্রিয়াকরণে সহায়ক হবে। আমরা শিক্ষার্থীদেরকে পূরণকৃত শিক্ষার্থী ভিসার আবেদন ডিপার্টমেন্ট অব হোম অ্যাফেয়ার্স-এর কাছে জমা দিতে উৎসাহিত করছি। আবশ্যক বিষয়াদি দেখতে, শিক্ষার্থীরা ডকুমেন্ট চেকলিস্ট টুল ব্যবহার করতে পারেন।

আরও তথ্যের জন্য বৈশ্বিক ভিসা প্রক্রিয়াকরণের সময় দেখুন।

শিক্ষার্থী ভিসা ফি মওকুফ

যদি আপনি 1 ফেব্রুয়ারি 2020 অথবা তার পরে শিক্ষার্থী ভিসা নিয়ে থাকেন এবং COVID-19-এর প্রভাবের কারণে মূল ভিসার মেয়াদ থাকা অবস্থায় আপনার কোর্স শেষ করতে না পারেন, তাহলে আমরা আপনাকে আরো একটি শিক্ষার্থী ভিসার আবেদন জমা দেওয়ার জন্য ভিসা আবেদন ফি মওকুফ করব। এর মধ্যে রয়েছে, যদি:

- ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে না পারায় আপনার পড়াশোনা স্থগিত হয়ে থাকে
- আপনি খণ্ডকালীন অধ্যয়নের ভার কমাতে বাধ্য হয়েছিলেন
- আপনার কর্মভিত্তিক প্রশিক্ষণ বা প্লেসমেন্ট সম্পন্ন করতে পারেননি।

এই ব্যবস্থাটি সেইসব শিক্ষার্থীদের জন্য নয় যারা সাধারণ কারণে নতুন শিক্ষার্থী ভিসার জন্য আবেদন করছেন (যদি আপনি কোনো কোর্স বা অধ্যয়নের কোনো ইউনিটে অকৃতকার্য হয়ে থাকেন, ব্যক্তিগত কারণে পিছিয়ে দিয়ে থাকেন বা স্বেচ্ছায় আপনার অধ্যয়নের ভার কমানো হয়ে থাকে)।

আপনার ফি মওকুফের আবেদন গৃহীত হওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি শিক্ষার্থী ভিসার আবেদন করতে হবে এবং আপনার শিক্ষা প্রদানকারীর কাছ থেকে একটি পূরণকৃত ফর্ম 1545 COVID-19 প্রভাবিত শিক্ষার্থী (Form 1545 COVID-19 Impacted Student) (228KB PDF) সংযুক্ত করতে হবে।

আপনি যদি অস্ট্রেলিয়াতে ফি মওকুফের জন্য আবেদন করেন, তাহলে স্বয়ংক্রিয়ভাবে কোনো ব্রিজিং ভিসা প্রদান করা হবে না, কারণ প্রথমে ফি মওকুফের বিষয়টি যাচাই করতে হবে।

এই মওকুফ শুধুমাত্র ভিসা আবেদনের ফি (VAC)-এর জন্য প্রযোজ্য হবে।

এছাড়াও, যেসকল শিক্ষার্থী ভিসাধারী অস্ট্রেলিয়ার বাইরে আছেন এবং 19 জানুয়ারি 2022 থেকে 19 মার্চ 2022 তারিখের মধ্যে আগমন করেন, তারা তাদের VAC রিফান্ড পাওয়ার যোগ্য হতে পারেন। কিভাবে VAC রিফান্ড পাওয়ার জন্য আবেদন করা যাবে সে সম্পর্কে আরও তথ্য পেতে রিফান্ড পাওয়া দেখুন।

ফর্ম 1545 COVID-19 (Form 1545 COVID-19)

শিক্ষা প্রদানকারীদেরকে অবশ্যই সন্তুষ্ট থাকতে হবে যে আপনি 1 ফেব্রুয়ারি 2020 তারিখে বা তার পরে শিক্ষার্থী ভিসা পেয়েছেন এবং COVID-19-এর কারণে তাদের মূল ভিসার মেয়াদে আপনার কোর্সটি সম্পূর্ণ করতে পারেননি।

আপনি আপনার পূরণকৃত ফর্মের সাথে COVID-19 সম্পর্কিত প্রভাবের আরো প্রমাণ জমা দিতে পারেন।

অতিরিক্ত তথ্যের জন্য নমনীয় সময়সীমা - ইংরেজি পরীক্ষা, বায়োমেট্রিক্স এবং স্বাস্থ্য

যদি আপনি COVID-19-এর কারণে পরীক্ষা দিতে না পারেন তাহলে আমরা আপনাকে ইংরেজি ভাষা পরীক্ষার ফলাফল প্রদানের জন্য অতিরিক্ত সময় দেব। COVID-19-এর কারণে পরিষেবাগুলিতে অ্যাক্সেস ব্যাহত হয়ে থাকলে বায়োমেট্রিক্স সংগ্রহ এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য অতিরিক্ত সময় দেওয়া হবে।

আপনি যদি ভবিষ্যতে 28 দিনেরও বেশি সময় ধরে এই এক বা একাধিক পরিষেবার জন্য অ্যাপয়েন্টমেন্ট করে থাকেন, তাহলে আপনি ImmiAccount-এ আপনার বুকিং নিশ্চিতকরণ সংযুক্ত করতে পারেন।

অনুগ্রহ করে ImmiAccount এর মাধ্যমে ডিপার্টমেন্টকে এই মর্মে অবহিত করার জন্য তথ্যের অনুরোধের জবাব দিন যে প্রয়োজনে আপনি অতিরিক্ত সময় চাইবেন।

বিদ্যমান ভিসাধারীরা

COVID-19-এর কারণে শুরুর তারিখগুলো সম্পর্কে নমনীয় বন্দোবস্ত

ডিপার্টমেন্ট বুঝতে পারছে যে, COVID-19 সম্পর্কিত বিধিনিষেধের কারণে কিছু কিছু শিক্ষার্থী তাদের অধ্যয়নের কোর্স যথাসময়ে শুরু করতে সক্ষম নাও হতে পারেন। আপনি যে COVID-19 সম্পর্কিত বিধিনিষেধের কারণে আপনার পড়াশোনা শুরু করতে পারছেন না তা আপনার শিক্ষা প্রদানকারীকে অবশ্যই অবহিত করুন। আপনি যে আপনার ভিসার শর্তাবলী লঙ্ঘন করছেন না তা নিশ্চিত করার সুযোগ রয়েছে। আপনার পরিস্থিতিতে আপনার জন্য কোন কোন বিকল্প রয়েছে সে সম্পর্কে আপনার শিক্ষা প্রদানকারী আপনাকে বলতে পারবেন।

আপনার যদি শিক্ষার্থী ভিসা থাকে, তবে আপনি যদি COVID-19 সম্পর্কিত বিধিনিষেধের কারণে ভ্রমণ করতে না পারেন, তবে আপনার শিক্ষা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। আপনি অধ্যয়নের জন্য সর্বদা অনুমোদিত কোর্সে ভর্তি হওয়ার বিষয়টি নিশ্চিত করবেন।

মনে রাখবেন, আমরা আপনার ভিসা বাতিল করতে পারবো, যদি:

- আপনি যথাসময়ে অধ্যয়ন শুরু করতে ব্যর্থ হন, অথবা
- আপনার বর্তমানে বা সক্রিয় কনফার্মেশন অব এনরোলমেন্ট (CoE) না থাকে।

আপনার শিক্ষা প্রদানকারী আপনাকে সহায়তা করতে পারবেন যেন তা না ঘটে।

আপনি যদি অস্ট্রেলিয়ার বাইরে থাকেন এবং আপনার কোনো সক্রিয় বা বর্তমান CoE না থাকে, তবে (VEVO)-এ আপনার ভিসার অবস্থা দেখে নিন। আপনার ভিসার অবস্থা যেন পরিবর্তন না হয় তা নিশ্চিত করতে যেকোনো ভ্রমণ পরিকল্পনা করার পূর্বে তা করে নিন।

আরও তথ্যের জন্য আপনার অধ্যয়নের পরিস্থিতি পরিবর্তন হয়েছে দেখুন।

শিক্ষার্থী ভিসার শর্তাবলী

COVID-19-এর বিধিনিষেধের কারণে যেসব ক্ষেত্রে শিক্ষার্থী ভিসার শর্তাবলী পূরণ করা যায়নি সেসব পূরণে আমরা নমনীয় পন্থা অবলম্বন করছি। আপনার ক্ষেত্রে শিক্ষার্থী ভিসার শর্ত ভঙ্গ হবে না যদি:

- আপনার কোনো অনুমোদিত কোর্স স্থগিত থাকে
- অনলাইনে পড়াশোনা করে থাকেন।

বর্তমানে কর্মীবাহিনীর ঘাটতির কারণে, সরকার সাময়িকভাবে অর্থনীতির সকল খাতে শিক্ষার্থী ভিসাধারীদের কর্মঘণ্টার উপর বিধিনিষেধ সরিয়ে নিচ্ছে। আরও তথ্যের জন্য স্টুডেন্টস অ্যান্ড ওয়ার্কিং হলিডে মেকার্স-এর জন্য ভিসায় কাজ করার শর্তাবলীতে সাময়িক পরিবর্তন দেখুন। এই সাময়িক ব্যবস্থাটি সকল অধ্যয়নকারী ও নতুন আগত শিক্ষার্থীর জন্য প্রযোজ্য, যারা কোর্স শুরু করার পূর্বে কোনো কাজ খুঁজে নিয়ে তা শুরু করতে ইচ্ছুক এবং তা এপ্রিল 2022-এ পর্যালোচনা করা হবে। এটি মাধ্যমিক বা সেকেন্ডারি আবেদনকারীগণকেও অন্তর্ভুক্ত করে।

আরো তথ্যের জন্য, শিক্ষার্থী ভিসাধারীদের জন্য কাজের সময় সাময়িক শিথিলকরণ দেখুন।

শিক্ষার্থীদের জন্য ভিসা আবেদনের ফি রিফান্ড

COVID-19-এর কারণে সৃষ্ট বর্তমান কর্মীবাহিনীর ঘাটতি পূরণে সাহায্য করতে, শিক্ষার্থী ভিসাধারীগণকে যত তাড়াতাড়ি সম্ভব অস্ট্রেলিয়ায় ফিরে আসতে সরকার প্রণোদনা দিচ্ছে।

যেসকল শিক্ষার্থী ভিসাধারী বর্তমানে অস্ট্রেলিয়ার বাইরে আছেন এবং 19 জানুয়ারি 2022 থেকে 19 মার্চ 2022 তারিখের মধ্যে অস্ট্রেলিয়ায় আগমন করেন, তারা তাদের ভিসা আবেদনের ফি (VAC) রিফান্ড পাওয়ার যোগ্য হতে পারেন। আপনি 31 ডিসেম্বর 2022 পর্যন্ত রিফান্ডের আবেদন করতে পারবেন। কিভাবে VAC রিফান্ড পাওয়ার জন্য আবেদন করা যাবে সে সম্পর্কে আরও তথ্যের জন্য রিফান্ড পাওয়া দেখুন।

কখন আমাদের জানাতে হবে

আপনি যদি দেশে ফিরে যান, অথবা আপনার অধ্যয়নের পরিস্থিতি পরিবর্তিত হয় তাহলে আপনাকে আমাদের জানানোর দরকার নেই। আপনি অন্য আরেকটি ভিসার আবেদন জমা না দেওয়া পর্যন্ত অথবা আপনার ভিসার মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত আপনার ভিসা বৈধ থাকবে। আপনি যদি দেশে ফিরে যান বা আপনার পড়াশোনা পিছিয়ে দেন তাহলে আপনার ভিসার স্ট্যাটাস পরিবর্তিত হবে না।

শিক্ষা প্রদানকারীরা একটি নতুন CoE ইস্যু করতে পারে এবং শিক্ষার্থীদের অনলাইনে অধ্যয়নের জন্য তালিকাভুক্ত করতে পারে। আপনার যদি একটি বৈধ শিক্ষার্থী ভিসা থাকে, তাহলে আপনার শিক্ষা প্রদানকারী আমাদেরকে আপনার নতুন CoE প্রদান করবে।

আপনার যদি ওপেন শিক্ষার্থী ভিসার আবেদন থাকে, তাহলে আপনি ImmiAccount-এ আপনার নতুন CoE-কে আপনার আবেদনের সাথে সংযুক্ত করতে পারেন।

আরো তথ্য

আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য বিভিন্ন সরকারি সংস্থায় তথ্য পাওয়া যায়, যার মধ্যে রয়েছে:

- সর্বশেষ খবর, আপডেট ও পরামর্শের জন্য অস্ট্রেলিয়ার সরকারের COVID-19 ওয়েবসাইট।
- শিক্ষা, দক্ষতা ও কর্মসংস্থান অধিদপ্তর (Department of Education, Skills and Employment) এবং international.students@dese.gov.au ঠিকানায়_ইমেইল করুন
- স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health) বিদেশী শিক্ষার্থীদের স্বাস্থ্য সহায়তার জন্য
- আন্তর্জাতিক শিক্ষার্থী ওম্বাডসম্যান (International Student Ombudsman) COVID-19 সংশ্লিষ্ট অভিযোগের জন্য
- অস্ট্রেলিয়ায় পড়াশোনা (Study Australia) সহায়তা পরিষেবা বিষয়ক তথ্যের জন্য।

আর্থিক সহায়তা

আপনি যদি অস্ট্রেলিয়ায় পড়াশোনা ও কাজ করেন, তবে আপনি আর্থিক সহায়তা পেতে পারেন, যদি:

- আপনার নিজেকে আইসোলেট করতে হয় বা COVID-19-এ আক্রান্ত কাউকে আপনি সেবা করেন (প্যান্ডেমিক লিভ ডিজাস্টার পেমেন্ট) বা
- আপনি কোনো স্টেটের গণস্বাস্থ্য আদেশ দ্বারা বাজেভাবে ক্ষতিগ্রস্ত হন এবং সাত দিনের বেশি সময় ধরে লকডাউনে থাকেন (COVID-19 ডিজাস্টার পেমেন্ট)।

আর্থিক সহায়তার পেমেন্ট ও উপযুক্ততার মানদণ্ড সম্পর্কে আরও তথ্যের জন্য, Centrelink পেমেন্ট ও পরিষেবাসমূহ দেখুন।

শিক্ষার্থীর আগমন পরিকল্পনা

আপনার যদি শিক্ষার্থী ভিসা থাকে এবং আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যের বিষয়ে অস্ট্রেলিয়ার সংজ্ঞা অনুযায়ী সম্পূর্ণভাবে টিকাগ্রহীতা না হয়ে থাকেন, তবে আপনি একটি আন্তর্জাতিক শিক্ষার্থী আগমন পরিকল্পনার অধীনে অস্ট্রেলিয়ায় ভ্রমণ করার যোগ্য হতে পারেন। আরও তথ্যের জন্য শিক্ষার্থী ভিসা দেখুন।

অস্থায়ী গ্রাজুয়েট ভিসা প্রতিস্থাপন ও সম্প্রসারণ

আপনার যদি কোনো অস্থায়ী গ্রাজুয়েট ভিসা থাকে, তবে আপনি হয়তো একটি প্রতিস্থাপন ভিসা বা ভিসা সম্প্রসারণের জন্য উপযুক্ত হতে পারবেন। আরও তথ্যের জন্য অস্থায়ী গ্রাজুয়েট ভিসা দেখুন।